সমকাল

# ঢাবিতে ডিনস অ্যাওয়ার্ড পেলেন ৬৬ শিক্ষার্থী

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ২০১৪-১৫ শিক্ষাবর্ষে বিএস সম্মান পরীক্ষায় ভালো ফলাফল অর্জন করায় 'ডিনস অ্যাওয়ার্ড' লাভ করেছেন জীববিজ্ঞান অনুষদভুক্ত ৮টি বিভাগের ৬৬ শিক্ষার্থী। অ্যাওয়ার্ডপ্রাপ্তদের মধ্যে ২১ ছাত্র ও ৪৫ ছাত্রী আছেন।

গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কৃতী শিক্ষার্থীদের হাতে অ্যাওয়ার্ড তুলে দেন। জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রমুখ।

অনুষ্ঠানে উপাচার্য বলেন, 'শিক্ষার্থীদের মেধার সঙ্গে সততা ও দেশপ্রেমের সংমিশ্রণ ঘটাতে হবে। মানবসভ্যতার উৎকর্ষ সাধনের জন্য তাদের মানবিক মূল্যবোধে দীক্ষিত হতে হবে। মানবিক শিক্ষার অভাবেই সমাজ তথা বিশ্বে জঙ্গিবাদের বিস্তৃতি ঘটেছে।'

অ্যাওয়ার্ডপ্রাপ্তরা হলেন— মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের হাসিনা তাসমিন মৌটুসী, মিথুন কুমার সাহা, ফারিহা ফারজানা, উদ্ভিদ বিজ্ঞান বিভাগের ইশরাত জাহান বন্যা, চন্দন কুমার দাস, মো. ইব্রাহীম খলিল, মো. হাসান শেখ, জাকিয়া সুলতানা জুঁই, আফসানা হোসেন, মুহাম্মদ মাহমুদ হাসান, খাজা মারজিয়া মৌ, ফারজানা আক্তার জ্যাক, প্রাণিবিদ্যা বিভাগের নুসরাত জাহান সানজিদা, মুমতাহিনা মুহাম্মদ, সাদিয়া সুলতানা, ফাহমিদা সরকার, ফাতিমা আকতার, নিগার সুলতানা, জেবিএম, আয়শা আকতার, চৈতী মোদক, নুসরাত জাহান তুশি, মো. জিয়াউদ্দিন আল মামুন, রাশনা শারমিন, এসএম আনোয়ার হোসেন পলাশ, মেহজাবিন রহমান, মৌসুমী আক্তার, তৃষা রানী সিংহ রায়, তাসলিমা আকতার লিমা, ফারহানা নাজনীন, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিভাগের তালিতা জাহিন চৌধুরী, হামিদা নওরীন মাহমুদ, প্রতুপ কুমার সরকার, আফতাব উজ জামান নুর, নুসরাত জাহান নোভা, আর-রাফি মো. ফয়সাল, তোহফা কবির, মনোবিজ্ঞান বিভাগের সুমাইয়া আলী রাইসা, অণুজীব বিজ্ঞান বিভাগের আয়েশা রহমান, নাদিরা নাজনীন রাখি, এসএম তানজিল শাহ, যুথী বিশ্বাস, অনিকা শিমন্থি, শারমীন আক্তার, এএসএম রুবাইয়েত-উল-আলম, শাহনাজ সুলতানা, রিফাত পারভীন, মো. আবু সায়েম খান, আখিনুর রহমান, মো. বেলাল হোসেন, তুষার-আল-আরাফাত, মো. সাজিদ হাসান, মোশাররাত জাহান প্রিমা, শারমিন আহমেদ, আতিয়া বিনতে আমিন, খোন্দকার মো. জামিনুর রহমান, সুবর্ণা সন্ধানী দে, উম্মে তামান্না ফেরদৌস, সাইয়েদা বেনজির, নওরিন তারান্নুম, মৎস্য বিজ্ঞান বিভাগের মো. মোস্তাভি ইনান ইশিক, সাদিয়া আফরিন আঁখি, জাকির হোসেন, জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগের মো. শমির মোন্তাজিদ, হাসান আল রেজা, আফসানা ভূঁইয়া তমা এবং তাসমিয়া ইসলাম।